

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৫৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ প্রথম কাতার তাদের ভাইদের কাতারে যাবে, আর তারা সালাত আদায় আদায় করার জন্য ইমামের কাছে আসবে, যা আমরা বর্ণনা করলাম

ذِكْنُ ذَهَابِ الطَّائِفَةِ الْأُولَى إِلَى مَصَافِّ إِخْوَانِهِمْ وَيَجِيءُ أُولَئِكَ إِلَى الْإِمَامِ عِنْدَ إِرَادَتِهِمُ الصَّلَاةَ التي وصفناها

আরবী

2859 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّتَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّتَنَا بِشْرُ بْنُ السَّرِيِّ قَالَ: حَدَّتَنَا سُفْيَانُ عَنِ الرُّكِيْنِ بْنِ الرَّبِيعِ عَنِ الْقَاسِمِ بْنِ حَسَّانَ قَالَ: : أَتَيْتُ زَيْدَ بْنَ تَابِتٍ فَسَأَلْتُهُ عَنْ صَلَاةِ الْخَوْفِ فَقَالَ: صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وصَفَّ خَلْفَهُ وصَفَّ بإِزَاءِ الْعَدُوِ فَصَلَّى بِهِمْ رَكْعَةً ثُمَّ ذَهَبُوا إِلَى مَصَافِ إِخْوَانِهِمْ وَجَاءَ الْآخَرُونَ وَصَفَّ بإِزَاءِ الْعَدُو فَصَلَّى بِهِمْ رَكْعَةً ثُمَّ سَلَّمَ فَكَانَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَتَانِ وَلِكُلِّ طَائِفَةٍ رَكْعَةً. فَصَلَّى بِهِمْ رَكْعَةً ثُمَّ سَلَّمَ فَكَانَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَتَانِ وَلِكُلِّ طَائِفَةٍ رَكْعَةً. الراوي : الْقَاسِمِ بْن حَسَّانَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : الراوي : الْقَاسِم بْن حَسَّانَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2859 ا خلاصة حكم المحدث: صحيح لغيره - ((صحيح أبي داود)) (1134).

বাংলা

২৮৫৯. কাসিম বিন হাস্পান রহিমাহুল্লাহ বলেন, "আমি যাইদ বিন সাবিত রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে এসে ভীতিকালীন সালাত সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি জবাবে বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (ভীতিকালীন) সালাত আদায় করেছেন। এক কাতার তাঁর সাথে দাঁড়ায় আর এক কাতার শক্রর মুখোমুখী হয়। রাসূল তাদের নিয়ে এক রাকা'আত সালাত আদায় করেন। তারপর তারা তাদের ভাইদের কাতারে যান। অতঃপর ওরা আসেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের নিয়ে এক রাকা'আত সালাত আদায় করেন। তারপর তিনি সালাম ফেরান। ফলে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দুই রাকা'আত আর সাহাবীদের এক রাকা'আত হয়।"[1]



ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪২৫০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৪৬১; মুসনাদ আহমাদ: ৫/১৮৩; নাসাঈ: ৩/১৬৮; তাবারানী: ৪৯১৯; তাহাবী: ১/৩১০; সুনান বাইহাকী: ৩/২৬২-২৬৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১১৩৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ কাসিম বিন হাস্পান (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন